# নুরের উপর হা'মলার ঘটনায় তদন্ত কমিশন গঠন করে প্রজ্ঞাপন জারি




সংগৃহীত ছবি

ডাকসুর সাবেক ভিপি ও গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরের ওপর সাম্প্রতিক হামলার ঘটনায় সরকার একটি তদন্ত কমিশন গঠন করেছে। বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর) রাতে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারি করা প্রজ্ঞাপনে জানানো হয়, “The Commissions of Inquiry Act, 1956” অনুযায়ী এই কমিশন গঠন করা হয়েছে।

কমিশনের সভাপতি হিসেবে দায়িত্ব পেয়েছেন সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি মো. আলী রেজা। সদস্য হিসেবে রয়েছেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব এবং সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার।

প্রজ্ঞাপনে বলা হয়, কমিশনের মূল দায়িত্ব হলো—গত ২৯ আগস্ট নুরুল হক নুরের ওপর চালানো হামলার জন্য দায়ী ব্যক্তিদের শনাক্ত করা, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা এবং ভবিষ্যতে এ ধরনের ঘটনা প্রতিরোধে করণীয় পদক্ষেপ নির্ধারণ করা। কমিশনকে প্রজ্ঞাপন জারির ৩০ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে।

উল্লেখ্য, গত ২৯ আগস্ট রাজধানীতে জাতীয় পার্টির অফিস ঘেরাও কর্মসূচিতে আইনশৃঙ্খলা বাহিনীর হামলায় নুর গুরুতর আহত হন। এ ঘটনায় দেশজুড়ে সমালোচনার ঝড় ওঠে এবং বিভিন্ন রাজনৈতিক দল ও সংগঠন দায়ীদের দ্রুত বিচারের আওতায় আনার দাবি জানায়। জামায়াতে ইসলামীসহ কয়েকটি রাজনৈতিক দল এই হামলার ঘটনায় সুষ্ঠু তদন্ত ও বিচার দাবি করেছে।

প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম এক বিবৃতিতে বলেন, সরকার ঘটনার ন্যায়সঙ্গত তদন্তে দৃঢ় প্রতিজ্ঞ এবং তদন্ত কমিশনের কার্যক্রম নিরপেক্ষভাবে পরিচালিত হবে।

তদন্ত কমিশন তার প্রতিবেদন দাখিল করলে সরকার পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।